

# যৌন অপরাধ রিপোর্ট করা

# তথ্য এবং সাপোর্ট গাইড

SOUTH WALES
POLICE
HEDDLU
DE CYMRU



❝ আপনার স্বাস্থ্য ও কল্যাণকে সব কিছুর উপরে স্থান দিয়ে এবং আপনার সাথে সম্মান ও সংবেদনশীলতা সহকারে আচরন করা হইবে ❞



# সূচনা

এই বুকলেটটি সেই সব ব্যাক্তিদেরকে তথ্য সরবরাহ করার জন্য এমনভাবে বিন্যস্ত করা হয়েছে যাদের মধ্যে কেউ হয়ত ধর্ষন বা যৌন অপরাধ রিপোর্ট করার কথা চিন্তা করিতেছেন অথবা হয়ত ইতিমধ্যে রিপোর্ট করার পরের যাত্রা শুরু করেছেন।

রিপোর্ট করার সিদ্ধান্ত থেকে কোর্টের প্রসিডিং পর্য্যন্ত এই যাত্রাটিকে ধাপে ধাপে দেখানো হইয়াছে। প্রতিটি ধাপে আপনি কি আশা করতে পারেন সে সম্পর্কে তথ্য দেওয়া হইয়াছে, এবং একই সাথে কি ধরনের সাপোর্ট পাওয়া যাইবে সে বিষয়েও পরামর্শ দেওয়া হইয়াছে ।

নিদারুন মর্মান্তিক এবং একান্ত ব্যাক্তিগত এই বিষয়টি রিপোর্ট করার সিদ্ধান্ত একটি কঠিন বিষয় এবং হয়ত এর জন্য অনেক বাধা অতিক্রম ও করতে হইতে পারে। এই বুকলেটটিতে বিভিন্ন ধাপকে সহজভাবে ব্যাখ্যা করা হইয়াছে, যাতে আপনি জেনে বুঝে সঠিক সিদ্ধান্ত নেওয়ার মনোবল অর্জন করতে পারেন। আপনার এই যাত্রা পথে আপনি যে সকল সাহায্য পাইতে পারেন সে সম্বন্ধেও বর্ণনা করা হইয়াছে।
আমরা আশা করি এই কঠিন সময়ে এটা কিছুটা ভরসা দিবে এবং কিছুটা বাধা ও দূর করবে।

## এই বুকলেটটি আমাকে কি জানাইবে ?

এই লিফলেট আপনাকে বুঝতে সাহায্য করবে :


- পুলিশ ইনভেস্টিগেসনের চারটি ধাঁপ ............ পৃষ্ঠা ৪
- সচরাচর করা প্রশ্ন (FAQs) ............ পৃষ্ঠা ৯
- অনেক আগের কোন যৌন নির্যাতন বা ধর্ষনের ঘটনা কিভাবে রিপোর্ট করা হয় ............ পৃষ্ঠা ১৭
- কিভাবে সাপোর্ট সার্ভিসে প্রবেশ করা যায় ............ পৃষ্ঠা ১৮
- গ্লসারি সেকসনে ইনভেস্টিগেসন (তদন্ত) বিষয়ক শব্দাবলি পরিভাষা ..... পৃষ্ঠা ২০


সহজে ব্যাবহারের জন্য বুকলেটটি ইন্টারএক্টিভ, উপরের তালিকার বিষয়বস্তুতে অথবা প্রত্যেক পৃষ্ঠার নিচের হাইপারলিংকে ক্লিক করুন।

# পুলিশ ইনভেস্টিগেসনের ৪টি পর্ব

## পর্ব ১

একটি প্রাথমিক রিপোর্ট করার পর, ফরেনসিক এভিডেন্স সংগ্রহ করা (যেখানে সম্ভব) এবং সাপোর্টের জন্য রেফার করা।

## পর্ব ২

ইনভেস্টিগেসন বা অনুসন্ধান, আপনার স্টেইটমেন্ট গ্রহন এবং আরো এভিডেন্স সংগ্রহ করার উদ্দেশ্যে অনুসন্ধান চলমান  রাখা

## পর্ব ১

যখন আমাদের কাছে একটি প্রাথমিক রিপোর্ট করা হয়, তখন আমরা প্রথমেই আপনার নিরাপত্তা নিশ্চিত করার জন্য প্রয়োজনিয় পদক্ষেপ নিব।
অনুসন্ধানের জন্য প্রথম পদক্ষেপ হিসাবে আপনার সাথে কি করা হয়েছে তা  আমরা শুনিতে চাইব।
যদি আপনার কেইসের জন্য কোন ফরেনসিক এভিডেন্স সংগ্রহ করার সুযোগ থাকে তবে আপনাকে মেডিকেল পরীক্ষার জন্য সেক্সুয়্যাল এসল্ট রেফারেল সেন্টার (যেমন নিউ পাথওয়েজ বা Ynys Saff ) যাওয়ার জন্য বলা হইবে, তবে তা একমাত্র যদি প্রয়োজনিয় হয় এবং একমাত্র আপনার সম্মতি সহকারে।
পর্ব ১ -এর কাজ-এর অর্থ হল আমরা আমাদের অনুসন্ধান শুরু করা, গুরুত্বপূর্ণ এভিডেন্স সংরক্ষন করা এবং আপনাকে ও অন্যান্যদেরকে বিপদের হাত থেকে রক্ষা করা।

আমরা আপনাকে বিশেষজ্ঞ সাপোর্ট সার্ভিস , যেমন একজন নিরপেক্ষ সেক্সুয়্যাল ভায়োলেন্স এডভাইজর (ISVA), যে আপনাকে এই ক্রিমিনাল জাস্টিস প্রসেস চলাকালীন সময়ব্যাপি আপনাকে সাপোর্ট করতে পারবেন এবং যদি আপনি ইচ্ছা করেন, তবে আপনার সাথে আমাদের এবং উইটনেস সাপোর্টের সাথে যোগাযোগের জন্য একক পয়েন্ট হিসাবে ও তিনি কাজ করতে পারেন,তার কাছে রেফার করার প্রস্তাব করব। আপনি নিজেও নিজেকে এই সাপোর্টের জন্য রেফার করতে পারেন। আমরা পৃষ্ঠা ১৯-এ বিশস্ত কিছু সাপোর্ট সার্ভিস এজেন্সির নাম তালিকা ভুক্ত করিয়াছি।

## পর্ব ২

পর্ব ২-এর কার্য্যক্রম  আমাদের নিকট আপনার করা অপরাধের রিপোর্ট বিষয়ে আরো অধিক তথ্য সরবরাহ করিবে।
আপনার প্রাথমিক রিপোর্টের পর, আপনাকে একটি আনুষ্ঠানিক বা ফরমাল স্টেইটমেন্ট দেওয়ার জন্য বলা হইবে। এটাকে কখনও কখনও বলা হয় `এচিভিং বেস্ট এভিডেন্স`

## পর্ব ৩

মামলা গঠন

আমরা মামলা গড়ে তুলব এবং ক্রাউন প্রসিকিউসনের (CPS) সাথেও কাজ করতে পারি।

## পর্ব ৪

প্রসিকিউসন সিদ্ধান্ত

আসামিকে চার্জ করা হইবে কি না এবং বিচারের সম্মুখিন করা হইবে কি না সেই বিষয়ে একটি সিদ্ধান্ত নেওয়া হইয়াছে, এবং এই সিদ্ধান্তের বিরুদ্ধে আপনি আপিল করার অধিকার রাখেন।

(ABE)স্টেইটমেন্ট, যেখানে তদন্ত কাজে সহায়তার জন্য, যতদূর সম্ভব আপনাকে বিস্তারিত বলার জন্য বলা হইবে।

আপনার সম্মতি সহকারে, ABE ভিডিও রেকর্ডে ধারন করা হইবে। মামলাটি যদি আদালতে বিচারের জন্য উপস্থাপিত হয়  তবে আপনাকে স্বশরিরে হাজির না হয়ে শুধু ভিডিওটি কোর্টে বাজানো যাইতে পারে।

এই পর্বে আমরা আপনার সম্মতি / কনসেন্ট চাইতে পারি, আপনার ফোন বা সোশ্যাল মিডিয়া থেকে এভিডেন্স সংগ্রহ করার জন্য অথবা অন্যান্য সংস্থাতে রক্ষিত সংশ্লিষ্ট রেকর্ডের বিষয়ে।

আপনাকে আপনার মামলার অগ্রগতি সম্বন্ধে হালনাগাদ রাখা হইবে, এবং সব সময়েই প্রি-ট্র্যায়াল থেরাপি সহ অন্যান্য স্বাধীন ও গোপনীয় সাপোর্ট পাইতে পারেন।

## পর্ব ৩

এই মুহুর্তে, মনে হইতে পারে সব কিছু ধীর গতির। আমাদের লক্ষ্য হল আসামির বিরুদ্ধে যতটুকু সম্ভব শক্ত মামলা তৈরি করা, যার জন্য প্রায়শই অনেক লম্বা সময় এমনকি মাসের পর মাস ও লাগতে পারে। তবে, আপনাকে মামলার অগ্রগতি সম্বন্ধে, আপনার সাথে আগে থেকে ঠিক করা কন্টাক্ট প্ল্যান মোতাবেক, নিয়মিত হালনাগাদ রাখা হইবে।

যদি আমরা বিশ্বাস করি যে আসামির বিরুদ্ধে যথেষ্ট প্রমান বিদ্যমান তবে এক বা একাধিক অপরাধের বিষয়ে অভিযোগ দায়ের করার জন্য আমরা ক্রাউন প্রসিকিউসন সার্ভিস (CPS)-এর মতামত চাইব এবং আমরা আমাদের সংগৃহিত প্রমানাদি তাদের সাথে ভাগাভাগি করিব। এটাও সম্ভব, যে পুলিশ হয়ত মনে করতে পারেন যে মামলা চালানোর মত যথেষ্ট পরিমান প্রমান বিদ্যমান নাই ,

সে ক্ষেত্রে, আমরা (CPS)-এ রেফার করব না এবং তদন্ত বন্ধ করার সিদ্ধান্ত গ্রহন করব।
আমরা কেন আর এগুতে পারব না, সে বিষয়ে সকল কারন সমূহ আপনাকে জানানো হইবে।

> আপনার ISVA সর্বদা নিশ্চিত করবেন যে আপনি বুঝতে পারতেছেন এবং স্বাচ্ছন্দ্য বোধ করতেছেন


## পর্ব ৪

এই পর্বে, সকল প্রাপ্ত এভিডেন্স পুংখানুপুংখরুপে মুল্যায়ন করা হইবে এবং কোর্টে পাঠানোর মত পর্য্যাপ্ত এভিডেন্স আছে কি না তা সিদ্ধান্ত নেওয়া হইবে। এই পর্য্যায়ে মামলাটি সমাপ্ত করা ও হইতে পারে, যদি দেখা যায় যে কোর্টে বিচারের মাধ্যমে বাস্তবে আসামিকে দোষি সাব্যস্থ করার মত যথেষ্ট প্রমান নাই।
যদি প্রসিকিউসনকে নিবৃত্ত করা হয় অথবা `পাবলিক ইন্টারেস্টে নয়` যেমন বিচারের সম্মুখিন হওয়ার জন্য আসামি অতিশয় বৃদ্ধ বা খুবই দুর্বল, এমন পরিস্থিতিতে ও একটি মামলা বন্ধ করে দেওয়া হইতে পারে।
আপনি যদি মামলা বন্ধ করার সিদ্ধান্তের সাথে একমত না হোন তবে আপনি, ভিক্টিমস রাইট টু রিভিউ (VRR)-এর অধীনে রিভিউ করাইতে পারেন।
যদি সিদ্ধান্ত নেওয়া হয় যে কোর্টে উপস্থাপনের মত যথেষ্ট প্রমান বিদ্যমান আছে তবে আপনি ISVA এবং উইটনেস লিয়্যাজোঁ সার্ভিস থেকে বিচার চলাকালীন সমস্ত সময় জুড়ে সাপোর্ট গ্রহন করতে পারেন।

বিচার কার্য্য সমাপ্ত হওয়ার পর আসামি দোষি বা নির্দোষ প্রমানিত হইতে পারেন। যদি দোষি সাব্যস্থ হন, তবে কোর্ট থেকে সাজা পাইতে পারেন। কোর্ট বিভিন্ন প্রকার সাজা প্রদান করতে পারেন এবং কোন কোন ক্ষেত্রে দোষি ব্যাক্তিকে হয়ত জেলে যাওয়া না ও লাগতে পারে।
অপরাধীকে যদি জেলে যাইতে হয়, প্রবেসন সার্ভিস তার মুক্তির পর তার সাথে কাজ করা চালিয়ে যেতে পারে। উইটনেস লিয়্যাজোঁ সার্ভিস-এর দায়িত্ব আপনাকে অবগত রাখা কখন সেই অপরাধী প্যারোল (জেল থেকে মুক্তি)-এর জন্য যোগ্য হবেন।
মামলার ফলাফল যাই হোক না কেন আমরা সব সময় আপনাকে সাপোর্ট দিব।

## নিরাপত্তা

তদন্তের এই চারটি পর্বের বাইরে ও আমরা আপনার এবং অন্যান্যদের নিরাপত্তা বিধানের জন্য অতিরিক্ত কাজ করিব। যার মধ্যে আছে রিস্ক ও সেইফগার্ডিং এসেসমেন্ট, একই সাথে




আপনি হয়ত এই গাইডটির দিকে তাকিয়ে চিন্তা করতেছেন যে রিপোর্ট করার জন্য পরবর্তি পদক্ষেপ নিবেন কি না। আমি নিজে এই সিদ্ধান্ত নিয়াছিলাম যে কখনই রিপোর্ট করব না এবং আমার এই গোপন কথা মৃত্যু পর্যন্ত আমার কাছেই লুকানো থাকবে।
৩৪ বছর পর, হঠাৎ করেই, আমি অনুভব করি যে এখনই সঠিক সময় এবং ফোনটি তুলে ১০১-এ পুলিশকে কল করি।
একজন সহযোদ্ধা হিসাবে আমি জানি কতটা কঠিন ছিল সেই সিদ্ধান্ত। যদিও আমাদের প্রত্যেকের অভিজ্ঞতা ভিন্ন ভিন্ন, তবুও আমরা যে ধরনের মানসিক ঝড় অনুভব করিয়াছি এবং তা মেনে চলার জন্য যে ধরনের কৌশল অবলম্বন করিয়াছি তা প্রায় একই রকম হওয়ার কথা।
আপনার চারপাশে অনেক ব্যাক্তি আছেন যারা এই প্রক্রিয়া চলাকালীন সময়ে সর্বদা সাহায্য করবেন, আপনার প্রাপ্য সকল ধরনের মানসিক ও কল্যাণমূলক সাপোর্ট করবেন, কারন আপনি এর যোগ্য। এই গাইডটি সাপোর্টের একটি অংশ। এক বার এক দিন, এভাবে গ্রহন করুন এবং নিজের প্রতি দয়াবান হোন।

সুজ্যান, সারভাইভার

সন্দেহজনক ব্যাক্তিকে অন্যভাবে বাধা দেওয়ার প্রচেষ্টা যেমন `সিভিল অর্ডার`-এর জন্য আবেদন করা।
আপনার দেওয়া তথ্যকে, ইউকে এবং ইউকে-এর বাহিরে, ভবিষ্যত অপরাধে বাধা দেওয়া এবং অন্যান্যদের নিরাপত্তা বিধানের জন্য ব্যাবহার করা হইতে পারে।

একই সাথে পার্সোনাল সিভিল অর্ডারের জন্য আপনি আবেদন করতে পারেন। এই প্রক্রিয়া সম্বন্ধে  আরো অধিক জানার জন্য আপনার ISVA বা পুলিশ অফিসারকে জিজ্ঞাসা করতে পারেন।


“আপনার জন্য সঠিক
সাহায্য সঠিক স্থানে
পাওয়ার নিশ্চয়তা
করিতেছি এবং অপরাধীকে
আইনের হাতে তুলে
দিতেছি”

# সচরাচর করা প্রশ্ন সমূহ (FAQS)

## তদন্তের বিভিন্ন ধাঁপ সম্বন্ধে করা সাধারন প্রশ্ন ...

ফরেনসিক মেডিকেল পরীক্ষাতে কি করা হয় ?

যদি আপনি কোন সাম্প্রতিক ধর্ষন বা কোন যৌন আক্রমনের ঘটনা যা বিগত সাত দিনের মধ্যে ঘটিয়াছে, সে সম্পর্কে রিপোর্ট করেন, তবে আমরা সম্ভবত ফরেনসিক এভিডেন্স সংগ্রহ করার জন্য মেডিকেল পরীক্ষা করার জন্য বলব। যদি ফরেনসিক মেডিকেলের জন্য প্রয়োজন হয় এবং আপনি তাতে সম্মত থাকেন তবে তা অনুষ্ঠিত হইবে সেক্স্যুয়াল এসল্ট রেফারেন্স সেন্টারে ( উদাহরন স্বরুপ নিউ প্যাথওয়েজ অথবা Ynys Saff)।

আপনি যে কোন সময় যৌন আক্রমনের কথা রিপোর্ট করতে পারেন তবে ফরেনসিক এভিডেন্স সংগ্রহের জন্য সীমিত সময়ের গন্ডির মধ্যে করতে হয়।

সেক্স্যুয়াল এসল্ট রেফারেল সেন্টারে একজন ক্রাইসিস ওয়ার্কার আপনাকে মেডিকেল পরীক্ষায় সাহায্য করবেন। একজন নার্স বা একজন ডাক্তার পরীক্ষা পরিচালনা করবেন। তারা অত্যান্ত সংবেদনশীলতার সাথে এই কাজ করার জন্য বিশেষভাবে প্রশিক্ষন প্রাপ্ত। আপনি একজন পুরুষ বা মহিলা নার্স অথবা ডাক্তারের জন্য অনুরোধ করতে পারেন। নার্স বা ডাক্তার আপনার মেডিকেল ইতিহাস নিবেন এবং সম্পুণ প্রক্রিয়াটি যেমন সোয়াবের ব্যাবহার ইত্যাদি পুরোপুরি ব্যাখ্যা করবেন।

এই পরীক্ষা করার উদ্দেশ্য হল প্রথমত আপনার সুস্বাস্থ্য নিশ্চয়তা করা এবং দ্বিতীয়ত কোন জখম থাকলে তা রেকর্ড করা এবং প্রমান হিসাবে তদন্তে সহায়ক হইলে স্যাম্পল সংগ্রহ করা হইবে। আপনি পরীক্ষায় অংশ গ্রহন করার পর, পরবর্তি কোন তারিখে পুলিশের সাথে আপনি সেই প্রমান শেয়ার করিবেন কি না সে বিষয়ে আপনার সিদ্ধান্ত জানাইতে পারেন। দয়া করে আপনার ক্রাইসিস ওয়ার্কারের সাথে এ বিষয়ে কথা বলুন যদি আপনি এ বিষয়ে আরো জানতে ইচ্ছুক হোন। ফরেনসিক প্রমান সংরক্ষনের জন্য পরীক্ষা করার আগে আপনি ধোয়া, খাওয়া ও পান করা থেকে বিরত থাকুন। আপনি সেক্সুয়্যাল এসল্ট রেফারেল সেন্টারে শাওয়ার করতে এবং কাপড় পাল্টাইতে পারবেন।

আমার ফোন অথবা সোশ্যাল মিডিয়া থেকে কি তথ্য ডাউনলোড করা দরকার ?

আমাদের উপর আইনত দায়িত্ব হল `সকল যৌক্তিক লাইনে তদন্ত করা` । এর অর্থ, এই অপরাধের সাথে সরাসরি সম্পৃক্ত সকল তথ্য সংগ্রহ করা এবং এই কারনে কোন কোন সময় আপনার ফোন বা সোশ্যাল মিডিয়া একাউন্ট থেকে তথ্য ডাউনলোড করা প্রয়োজন।

যদি ফোন / সোশ্যাল মিডিয়া ডাউনলোড করা প্রয়োজন হয়, একজন অফিসার লিখিতভাবে আপনার সম্মতি চাইবেন এবং লিখিতভাবে আপনাকে জানাইবেন কেন এবং কোন ডাটা তাদের দেখা প্রয়োজন।
সন্দেহভাজন কাউকে যদি চার্জ করা হয়, এবং প্রসিকিউসন ফোন ও সোশ্যাল মিডিয়া ডাটা সহ যেসব এভিডেন্স বা তথ্য কোর্টে ব্যাবহার করবেন, সেই সকল তথ্য অবশ্যই আসামী পক্ষকে দেখাইতে হইবে এবং সেভাবে তা আসামীর কাছে প্রকাশ হয়ে যাবে।

<u>সন্দেহভাজন ব্যাক্তির ফোন কি নিয়ে নেওয়া হইবে ?</u>

তা নির্ভর করবে মামলার উপর। আমাদের উপর আইনত দায়িত্ব হল `সম্ভাব্য সকল যৌক্তিক লাইনে তদন্ত পরিচালনা করা` এ কারনে হয়ত যেকোন সন্দেহভাজন ব্যাক্তির ফোন তল্লাশির উদ্দেশ্যে ডাউনলোড করা হইতে পারে।

<u>আমি যদি আমার ফোন, সোশ্যাল মিডিয়া একাউন্ট, মেডিকেল বা ব্যাক্তিগত ইতিহাস পুলিশকে জানাইতে না চাই তবে কি হইবে ?</u>

আমরা শুধুমাত্র আপনার কনসেন্ট বা সম্মতিতে এবং এই অপরাধের সাথে সরাসরি সম্পৃক্ত তথ্যটিই গ্রহন করব। আপনি যদি এ বিষয়ে অসম্মত থাকেন তবে অফিসার আপনার সাথে এ বিষয়ে কথা বলবেন এবং আপনার ফোন না দেওয়ার / বিশেষ কোন তথ্য প্রকাশ হয়ে যাওয়ার দুশ্চিন্তা ইত্যাদি বিষয়ে জানার চেষ্টা করবেন।

সম্ভবত তখন এই বিষয়টি কোর্টে উথথাপন করা হইতে পারে যে, কোন কারনে আমরা আপনার ফোন থেকে কোন তথ্য সংগ্রহ করতে পারি নাই।
কোন সন্দেহভাজনকে যদি চার্জ করা হয় এবং বিচারের জন্য কোর্টে হাজির করা হয়, তখন বিবাদী পক্ষ এ রকম সম্ভাবনা তুলে ধরতে পারেন যে সম্ভবত আপনি আপনার রেকর্ডে বা ডিজিটাল ডিভাইস যেমন ফোনে কোন কিছু গোপন করতেছেন।

<u>তদন্তের স্বার্থে পুলিশের কার কার সাথে যোগাযোগ করা দরকার এবং কাকে জানানো হইবে যে আপনি একটি রিপোর্ট করেছেন ?</u>

আমরা সর্ব্বাত্বক প্রচেষ্টা বজায় রাখি একজন ভিক্টিম বা উইটনেসের পরিচয় গোপন রাখার জন্য। আপনার মামলাতে যদি কোন উইটনেস বা স্বাক্ষি থাকিয়া থাকে, আমরা সম্ভবত তাদের সাথে যোগাযোগ করব এবং যদি মামলার বিষয়ে নাম না জানাইয়া তথ্য সংগ্রহ করা অসম্ভব হইয়া পড়ে তখন কোন ক্ষেত্রে তাদেরকে আপনার নাম হয়ত জানাইতে হইতে পারে ।
কোন সন্দেহভাজনকে যখন ইন্টারভিউ করা হয় তখন তাদেরকে আপনার নামজানাইতে হইবে।
আপনার বয়স যদি ১৬ এর নিচে হয়ে থাকে তবে আপনার অভিবাবকদের জানানো আমাদের দরকার।
আপনার পরিচিতি প্রকাশ পায় এমন কোন কিছু (সোশ্যাল মিডিয়া সহ) যেমন নাম বা বিস্তারিত অন্য কিছু, যে কারো জন্যই প্রকাশ করা একটি আইন বিরূদ্ধ কাজ।

কারন যে ব্যাক্তি যৌন অপরাধের কথা রিপোর্ট করে থাকেন, তিনি আজীবন স্বয়ংক্রিয়ভাবে ছদ্ম নাম ব্যাবহারের সুযোগ পান।

তদন্ত সমাপ্ত হইতে কত দিন লাগতে পারে ?

এর জন্য নির্দিষ্ট কোন সময় সীমা নাই, তবে পুলিশি তদন্ত ধীর্ঘ হইতে পারে, কয়েক সপ্তাহ না হয়ে কয়েক মাস ধরে চলতে পারে। এমনকি কিছু কিছু মামলার ক্ষেত্রে এর চেয়েও বেশি সময় লাগতে পারে, উদাহরনস্বরুপ যদি নতুন কোন এভিডেন্স পাওয়া যায় অথবা এভিডেন্স সংগ্রহ করার ক্ষেত্রে বিলম্ব ঘটে। কোড অব প্র্যাকটিস ফর ভিক্টিম এর দ্বারা, আপনাকে সব সময় সব কিছু জানানোর এবং হালনাগাদ রাখার জন্য আপনার একটি অধিকার সৃষ্টি হয়। দয়া করে পড়ুন কোড অব প্র্যাকটিস ফর ভিক্টিম ইন ইংল্যান্ড এন্ড ওয়েলস।

আমাকে কি কোর্টে হাজির হইতে হইবে ?

যদি সন্দেহভাজন কোন ব্যাক্তির বিরুদ্ধে অভিযোগ দায়ের করা হয় এবং সে দাবি করে যে সে `নির্দোষ` তাহলে খুব সম্ভবত আপনাকে কোর্টে হাজির হয়ে আপনার নিজের কথা বলতে হইতে পারে। আপনি হাজির হয়ে আপনার স্বাক্ষ্য প্রদান বা কথা বলাটাকে সহজ করার জন্য `স্পেশাল মেজার` ব্যাবস্থা যেমন একটি পর্দার আড়াল থেকে স্বাক্ষ্য প্রদান অথবা ভিডিও লিংকের ব্যাবস্থা আছে । অন্যান্য স্পেশাল মেজারের মধ্যে আছে আপনাকে স্বশরিরে হাজির না হওয়ার বদলে, পূর্বে ধারনকৃত ABE ( পর্ব – ২ দেখুন) কোর্টে চালাইয়া দেখা হইতে পারে,

> **কেইস পরিচালনা কারি পুলিশ অফিসার (OIC) আপনার সাথে যোগাযোগ বজায় রাখিবেন এবং মামলার তারিখের আগে ভিক্টিম ও উইটনেস কেয়ার টীমের নিকট থেকে যোগাযোগ পাইবেন**

পাবলিক গ্যালারি থেকে লোকজন সরাইয়া নিজেই নিজের কথা বলতে পারেন , আপনার স্বাক্ষ্য প্রদান সহজ করার জন্য ইন্টারপ্রিটার বা ইন্টারমিডিয়াটরের (মধ্যস্থ) সাহায্য নিতে পারেন। এই সমস্ত স্পেশ্যাল মেজার গুলো আগেভাগেই আপনার সাথে আলাপ করে স্থির করা হইবে যাতে আপনার জন্য সঠিক ব্যাবস্থাটি নিশ্চিত করা যায়। যদি আপনি ইচ্ছা করেন, আপনি বিচারের তারিখের আগে একদিন কোর্ট রুম ঘুরে দেখে আসতে পারেন, এবং আপনাকে কোর্টের কার্য্যক্রমও ব্যাখ্যা করা হইবে।

যেমন বিচারের সময় কিভাবে স্বাক্ষ্য প্রদান করা হয় তা জানতে You Tube-এর এই ভিডিওটি দেখুন।

একজন স্বতন্ত্র সেক্সুয়্যাল ভায়োলেন্স এডভাইজার (ISVA) এবং উইটনেস সার্ভিস আপনাকে ট্রায়াল শুরুর আগে এবং চলাকালীন সময়ে সাপোর্ট করবেন।



“ .আপনি সবচেয়ে সাহসি পদক্ষেপটি নিয়াছেন। যদিও আপনার কাছে সবকিছু অপরিচিত এবং ভয়ংকর মনে হইতে পারে তবে আপনি সবকিছুই করতে সক্ষম হইবেন। আপনাকে একা সব কিছু মোকাবেলা করতে হইবেনা, গাইড ও সাপোর্টের জন্য সাহায্য বিদ্যমান, শুধু এর জন্য জিজ্ঞাসা করবেন। নিজের যত্ন নিবেন, দরকার মত বিশ্রাম নিবেন, কাঁদতে হলে কাঁদবেন এবং নিজের প্রতি দয়াবান হোন। ”

Heidi, survivor

## সেক্সুয়্যাল অফেন্স রিপোর্ট করা নিয়ে সাধারন প্রশ্ন...

**আমি নিশ্চিত না আমি কি পুলিশে রিপোর্ট করব। কারো সাথে কি এ বিষয়ে আলাপ করতে পারব?**

রিপোর্ট করাটা একটি ভয়ংকর অভিজ্ঞতা মনে হইতে পারে। আপনার সিদ্ধান্তের বিষয়ে যদি আমাদের কাছে রিপোর্ট করার আগে আলাপ করতে চান তবে আপনি সেক্সুয়্যাল এসল্ট রেফার সার্ভিস (SARC)-এর সাথে যোগাযোগ করতে পারেন অথবা যোগাযোগ করতে পারেন একটি ইন্ডেপেন্ডেট সার্ভিস `লিভ ফিয়ার ফ্রি`-এর সাথে যারা সেক্সুয়্যাল ভায়োলেন্সের ক্ষেত্রে সাহায্য ও পরামর্শ প্রদান করে থাকেন। আপনি আমাদের নিকট রিপোর্ট করতে বাধ্য নন যদি না আপনি সে রকম সিদ্ধান্ত নেন।

**পুলিশে রিপোর্ট করে আমি কি সঠিক কাজটি করতেছি ?**

প্রত্যেকটি রিপোর্টই মুল্যবান। এমনকি আপনি যদি সিদ্ধান্ত নেন যে আপনি পুরো তদন্তে বা প্রসিকিউসনে অংশ নিবেন না, এর পরও আমাদের নিকট একটি ফরমাল স্টেইটমেন্ট উপকারি হইতে পারে। আপনার রিপোর্ট আপনাকে অথবা অন্য কাউকে বিপদের হাত থেকে রক্ষা পেতে সাহায্য করতে পারে, সম্ভাব্য সিরিয়াল অপরাধীকে সনাক্ত করতে সাহায্য করতে পারে এবং অপরাধটিকে ভালোভাবে বুঝার সুযোগ দিবে এমনকি যদিও ঘটনাটি অনেক দিনের পুরোনো হয়। আপনি যখন কোন একটি অপরাধের বিষয়ে রিপোর্ট করবেন, পরবর্তিতে যে কোন সময় আপনার অভিযোগ আপনি তুলে নিতে পারেন।

আপনাকে সম্পূর্ণ পুলিশি তদন্ত বা কোর্টের প্রসিকিউসন চালাইয়া যাইতে হইবে না যদি আপনি সে রকম ইচ্ছা পোষন না করেন। উভয়ভাবেই, আপনার দেওয়া তথ্য ব্যাবহার করে আমরা অপরাধের ধরন, স্থান অথবা সিরিয়াল অপরাধীর পরিচিতি পাইতে পারি, বিশেষ করে আপনি যদি ফরমাল স্টেইটমেন্ট দিয়ে থাকেন।

**অপরাধের কারনে একজন ভিক্টিম হিসাবে আমার কি কি অধিকার আছে ?**

একজন ভিক্টিম হিসাবে সেই অপরাধের বিষয়ে রিপোর্ট করার পর, আপনার কিছু অধিকার এবং কিছু পাওয়ার অধিকার সৃষ্টি হয়। উদাহরন স্বরুপ, আপনার অধিকার আছে কোন রকম বিলম্ব ছাড়াই সেই অপরাধ রেকর্ড করানোর, তদন্তের অগ্রগতি সম্বন্ধে তথ্য পাওয়ার, আপনার জন্য সঠিক সাপোর্ট সার্ভিসে রেফার করানোর, এবং ভিক্টিম পার্সোনাল স্টেইটমেন্ট দেওয়ার, যা কোর্টের কাছে এবং সেই অপরাধির কাছে পড়িয়া বুঝানো সম্ভব হইবে অপরাধটি আপনার ব্যাক্তিগত জীবনে কিরুপ প্রভাব ফেলিয়াছে । আমরা যেভাবে আপনার সাথে আচরন করিয়াছি সে সম্বন্ধে যদি আপনার আপত্তি থাকে অথবা কেইসের সিদ্ধান্তের বিষয়ে কোন আপত্তি থাকে তবে কেইস রিভিউয়ের অথবা অভিযোগ জানানোর অধিকার আছে। এই অধিকার গুলো বিস্তারিত বর্ণনা করা হইয়াছে কোড অব প্র্যাকটিস ফর ভিক্টিম অব ক্রাইম ইন ইংল্যান্ড এন্ড ওয়েলস-এ।

কোড অব প্র্যাকটিস ফর ভিক্টিম ইন ইংল্যান্ড এন্ড ওয়েলস টি  পড়ুন।

## কোথায় সাপোর্ট পাইতে পারি এবং আমি কি থেরাপি নিতে পারি ?

SVA আপনাকে তদন্ত কালীন এবং কোর্ট প্রসেস চলাকালীন সকল ধরনের উপযুক্ত, করুণাময় এবং স্বতন্ত্র সাপোর্ট প্রদান করিতে পারবেন।  আপনার সাথে কি ঘটনা ঘটিয়াছে তা যদি পুলিশে রিপোর্ট না করে থাকেন তবে ISVA থেকে সাপোর্ট নিতে পারেন। এই বুকলেটের ১৯ পৃষ্ঠায়  ISVA সম্বন্ধে তথ্য এবং অন্যান্য স্পেশালিস্ট সাপোর্ট সার্ভিসের তালিকা আছে।  রিপোর্ট প্রসেসের যে কোন পর্বে  এমনকি তদন্ত চলাকালীন সময়েও আপনি স্বতন্ত্র ও গোপনীয় থেরাপি নিতে পারেন। আপনার কেইসটি যদি কোর্টে যায়, কোর্টকে আমাদের জানাইতে হইবে যে আপনি থেরাপি নিয়াছেন, এং তারা হয়ত সংশ্লিষ্ট কাউন্সেলিং নোট চাইতে পারেন এবং সেভাবে তা ডিফেন্স টীমের নিকট প্রকাশ হইয়া যাইতে পারে।

আপনার থেরাপিস্ট বা কাউন্সিলারের সাথে কাউন্সেলিং নোট প্রকাশ হয়ে পরার সম্ভাবনা নিয়ে আলাপ করতে পারেন। মূল কথা, আপনার জন্য জরুরি বিষয় হল তদন্ত শেষ হওয়ার অপেক্ষা না করে তাড়াতাড়ি আপনার প্রয়োজনিয় সাহায্য গ্রহন করা উচিত।

## আমি কি আমার বন্ধু বান্ধবদের সাথে অথবা পরিবারের কারো সাথে এ বিষয়ে আলাপ করতে পারব ?

আপনার এভিডেন্সের সুরক্ষার জন্য খুবই গুরুত্বপূর্ণ যে, আপনি আমাদের কাছে যা কিছু বলেছেন তা অন্য কারো সাথে কখনোই আলাপ **করবেন না** । তবে, আপনি পরিবার বা বন্ধুর সাথে আপনার মানসিক অবস্থা নিয়া আলাপ করতে পারেন তার ফলে তারা আপনাকে সাহায্য করতে পারেবেন।

## বিষয়টি কি সংবাদ মাধ্যমে আসবে ?

সাংবাদিক সহ যে কারো জন্য এটা আইন বিরুদ্ধ কাজ, যে তারা সোশ্যাল মিডিয়া সহ যে কোন জায়গায় আপনার নাম বা এমন কোন বিষয় উল্লেখ করার ফলে আপনার পরিচিতি প্রকাশ হয়ে পরবে।
এর কারন এই যে, যারা পুলিশের নিকট যৌন অপরাধ রিপোর্ট করেন তারা সারা জীবন ছদ্মনাম ব্যাবহারের অধিকার পান।
আপনার মামলাটি বিচারের জন্য কোর্টে গেলে, কোর্ট জন সাধারনের জন্য খোলা এবং সেখানে কোন একজন সাংবাদিক মামলার রিপোর্টের উদ্দেশ্যে উপস্থিত আছেন, কিন্তু আপনার পরিচিতি প্রকাশকারি কোন তথ্য যেমন আপনার নাম বা অন্য কোন তথ্য প্রকাশ করার অনুমোদন মিডিয়ার নাই।
যদি মনে করা হয় বিষয়টি জনস্বার্থে জড়িত, কোন কোন বিশেষ ক্ষেত্রে আমরা হয়ত, (যেমন স্বাক্ষী বা সম্ভাব্য ভিক্টিম চাওয়া) মামলাটি সম্বন্ধে প্রেস রিলিজ করতে পারি তবে কখনোই পুলিশ কতৃক আপনার নাম প্রচার করা হইবে না। আমরা আপনার ছদ্ম নাম সুরক্ষা করাকে অত্যান্ত গুরুত্ব

সহকারে নিয়ে থাকি এবং এ বিষয়ে আমরা অভিজ্ঞ।

**তদন্ত প্রক্রিয়াটি আমার কাছে ট্রমাটিক এবং স্ট্রেসফুল মনে হইতেছে, আমি কি সাহায্য পাইতে পারি ?**

আপনার সাথে যে ঘটনা ঘটিয়াছে সে বিষয়ে রিপোর্ট করা সহজ কাজ নয়, এবং অনেক সময় পুলিশের তদন্ত পুরোনো সেই ভয়ংকর স্মৃতি মনে করিয়ে দেয় যা মানসিকভাবে অত্যান্ত কঠোর। আমরা তদন্তের পর্ব-১ এ স্পেশাল সাপোর্ট সার্ভিসে রেফার করব যাদের সাথে আপনার দুশ্চিন্তা, অভিজ্ঞতা ইত্যাদি বিষয়ে কথা বলতে পারবেন। সেক্সুয়্যাল অফেন্স বা যৌন অপরাধের ভিক্টিমদের সাহায্য করার জন্য ISVA অভিজ্ঞ, তারা ক্রিমিনাল জাস্টিস প্রসেস চলাকালীন সময়ে আপনাকে সাহায্য করতে পারবেন। আপনি স্পেশাল সাপোর্ট সার্ভিস যাদের তালিকা পৃষ্ঠা ১৯-এ আছে, তাদের সাথে ও যোগাযোগ করতে পারবেন ।

**আমি যদি তদন্ত প্রক্রিয়া সম্পূর্ণ করতে না চাই, আমি কি প্রসেসটি থামাইতে পারব অথবা আমার রিপোর্ট ফিরত আনতে পারব?**

আপনি তদন্তের প্রতি আপনার সাপোর্ট যে কোন সময় তুলে নিতে পারেন। পুলিশের সাথে তদন্তে সহযোগিতা করতে অথবা প্রসিকিউসনে সহায়তা করতে আপনি বাধ্য নন । পরবর্তিতে যদি আপনার মত পরিবর্তন হয়, আপনি যে কোন সময় কেইসটি পুনরায় শুরু করার আবেদন করতে পারেন।

> **আপনার উপর কোন চাপ থাকবে না, যে কোন সময় আপনি সাময়িক বা পুরোপুরি বন্ধ করে দিতে পারেন**

এমন কি আপনি যদি তদন্তকে আর সহায়তা করতে ইচ্ছুক না হোন, তবুও প্রত্যেকটি রিপোর্ট থেকে আমরা অপরাধী সম্বন্ধে আরো জানতে পারব, অপরাধের ধরন, অবস্থান সম্বন্ধে জানতে পারব, কোন সম্ভাব্য সিরিয়াল অপরাধী সম্বন্ধে এবং তাদেরকে অন্য অপরাধ করা থেকে বিরত রাখতে পারব। আপনি কেন আর সংশ্লিষ্ট থাকতে চান না তার কারন জানালে আমরা যেভাবে ভিক্টিমকে সাপোর্ট করে থাকি তা আরো উন্নত করতে সমর্থ হইব্

**সন্দেহভাজন ব্যাক্তিকে চার্জ না করেই আমার কেইসটি বন্ধ করা হইয়াছে। আমি কি এই সিদ্ধান্তকে চ্যালেন্জ করতে পারব ?**

হ্যাঁ, ভিক্টিমস রাইট টু রিভিউ স্কিমের অর্থ হল, আপনার অধিকার আছে, আপনার কাছে সেই সিদ্ধান্তটি ব্যাখ্যা করে দেওয়ার এবং যদি আপনি চান তবে সিদ্ধান্তটি রিভিউ করানোর।
যদি আমরা কেইসটি বন্ধ করার সিদ্ধান্ত নিয়ে থাকি তবে আপনি এর বিরুদ্ধে আপীল করতে এবং রিভিউ-এর আবেদন করতে পারেন। তবে তা সিদ্ধান্ত গ্রহনের তিন মাসের মধ্যে হইতে হইবে।



যদি আমরা আপনার কেইসটি বন্ধ করে থাকি তবে আপনাকে আনুষ্ঠানিক চিঠির মাধ্যমে সিদ্ধান্তটি ব্যাখ্যা করা হইবে এবং আপনি কিভাবে আপীল করতে পারেন সে সম্বন্ধে তথ্যও এতে থাকবে। কিভাবে প্রসিকিউট না করার পুলিশের সিদ্ধান্তের বিরুদ্ধে রিভিউ-এর আবেদন করা যায় সে সম্বন্ধে পড়ুন।

আমরা যদি কেইসটি ক্রাউন প্রসিকিউসন (CPS)-এ রেফার করে থাকি এবং CPS চার্জ না করার সিদ্ধান্ত নিয়ে থাকেন, ভিক্টিমস রাইট টু রিভিউ (VRR) স্কিম CPS-এর সিদ্ধান্তকে রিভিউ করানোর জন্য আপনাকে অধকিার দেয়।

আপনি যদি আপনার VRR ব্যাবহার করতে চান, যে প্রসিকিউটর কেইস বন্ধ করার সিদ্ধান্ত নিয়াছিলেন তিনি আপনার সাথে দেখা করে তার কারন ব্যাখ্যা করবেন এবং CPS অবশ্যই সিদ্ধান্তটি রিভিউ করবেন।

আপনার ISVA এই প্রক্রিয়াতে আপনাকে সাহায্য করতে পারবেন।

ভিক্টিমস রাইট টু রিভিউ স্কিমটি দয়া করে পড়ুন।

**আমার সাথে যেভাবে আচরন করা হয়েছে বা যেভাবে পুলিশ আমার কেইসটি হ্যান্ডেল করেছেন তা নিয়ে আমি অখুশি, আমি কিভাবে অভিযোগ করব?**

আমাদের ওয়েবসাইটে সাউথ ওয়েলস পুলিশের বিরুদ্ধে অভিযোগ করতে পারেন। আপনি যদি অভিযোগের ফলাফলে সন্তুষ্ট না হোন অথবা সরাসরি আমাদের নিকট অভিযোগ জানাইতে না চান তবে আপনি ভিক্টিস কমিসনারের সাথে যোগাযোগ করতে পারেন, যাদেরকে সরকার নিয়োগ দিয়াছেন ভিক্টিম, উইটনেসের কথা তুলে ধরার জন্য।

ভিক্টিমস কমিসনারস ওয়েবসাইটটি দেখুন।

## অনেক দিন আগের কোন যৌন নির্যাতন অথবা ধর্ষনের ঘটনা

## কিভাবে রিপোর্ট করবেন ?

আপনি যে কোন যৌন নির্যাতন বা ধর্ষনের ঘটনা আমাদের নিকট রিপোর্ট করতে পারেন, তা বিগত কয়েক মাস, বিগত কয়েক বছর বা কয়েক যুগ আগের ঘটনাই হয়ে থাকুক না কেন। যত পুরোনোই হয়ে থাকুক না কেন, আমরা প্রত্যেক রিপোর্টকেই অত্যান্ত গুরুত্বের সাথে নিয়ে থাকি।
আমরা বুঝতে পারি যে অনেক ধরনের কারনেই হয়ত কোন একজন তার সাথে ঘটে যাওয়া ঘটনা কারো কাছে উল্লেখ করতে বিলম্ব করতে পারেন। আমরা এটাও বুঝতে পারি, একজন ভিক্টিমের জন্য খুবই সাধারন যে , সেটা যে একটা অপরাধ ছিল তা উপলদ্ধি করতে বিলম্ব করা অথবা অন্যান্য অনেক কারনে তারা হয়ত রিপোর্ট করার জন্য তৎক্ষনাৎ প্রস্তুত ছিলেন না বলে মনে করতে পারেন।

পূর্বেকার ঘটনা রিপোর্ট করার জন্য ১০১ কল করুন । কল হেন্ডলার আপনাকে সঠিক সাহায্য প্রদানের লক্ষ্যে আপনাকে কয়েকটি প্রশ্ন করবেন।

এর পর একজন বিশেষজ্ঞ অফিসার আপনার সাথে দেখা করবেন, আপনি কিভাবে নিয়ম মাফিক অভিযোগ করবেন এবং কিভাবে একটি তদন্ত কাজ চলতে পারে সে সকল বিষয়গুলো আপনার কাছে ব্যাখ্যা করবেন ।

যতদিন আগের ঘটনাই হয়ে থাকুক না কেন আমরা আমাদের সর্ব্বাত্বক চেষ্টা দ্বারা একজন সন্দেহভাজনের বিরুদ্ধে একটি কেইস গড়িয়া তুলার জন্য এভিডেন্স বা প্রমান সংগ্রহ করব ।

আমরা আপনার ইচ্ছাটিকেই আমাদের কাজের কেন্দ্রন্দিুতে পরিনত করি। আপনি যদি সিদ্ধান্ত নেন যে ক্রিমিনাল প্রসিকিউসনে বা ইভেস্টিগেসনে আর জড়িত থাকবেন না তবুও নিয়ম মাফিক একটি স্টেইটমেন্ট দেওয়া হইলে সেটা ও আমাদের জন্য অনেক উপকারি হইতে পারে, এর দ্বারা ভবিষ্যতে আপনাকে বা অন্যান্যকে সুরক্ষা দেওয়া সম্ভব হইবে, কোন সিরিয়াল অপরাধীকে চিহ্নিত করা যাইতে পারে একই সাথে সেই অপরাধের বিষয়ে আরো গভীরভাবে জানা যাইতে পারে। প্রত্যেকটি রিপোর্টই আমাদের নিকট মূল্যবান।

আমরা এই প্রক্রিয়া চলাকালীন সম্পূর্ণ সময় আপনাকে সাপোর্ট করব, এবং বিশেষজ্ঞ সাপোর্ট ও সুরক্ষার জন্য রেফার করব।

আপনি কিভাবে সাপোর্ট পাইতে পারেন সে সম্পর্কে আরো অধিক তথ্য পাওয়া যাইবে পৃষ্ঠা ১৯ এ।



# এক্সেসিং সাপোর্ট

আপনি যদি কোন যৌন নির্যাতন বা ধর্ষনের শিকার হয়ে থাকেন, তবে আপনি স্পেশালিস্ট সাপোর্ট সার্ভিসে প্রবেশ করতে পারেন। সার্ভিস গুলো সবার জন্য বিনামুল্যে উন্মুক্ত। এর জন্য আপনার কোন রেফারেলের দরকার নাই এবং আমাদের কাছে রিপোর্ট করারও দরকার নাই এই সব সুবিধা পাওয়ার জন্য।
এই সব সার্ভিস গুলো আপনাকে বিভিন্নভাবে সাহায্য করতে পারে, যেমন আপনি যদি পুলিশে রিপোর্ট করার কথা চিন্তা করেন তবে আপনি নিশ্চিত না যে এর জন্য কি কি করতে হইবে সে বিষয়ে আলাপ করতে চান তবে তারা আপনার সাথে গোপনীয়তার সাথে আলোচনা করতে পারেন। আপনি যদি সিদ্ধান্ত নেন যে আপনি রিপোর্ট করবেন তবে আপনি তদন্ত চলাকালীন এবং কোর্ট প্রসেস চলাকালীন সর্বদা এই সাপোর্ট গ্রহন করতে পারেন।

আমাদের কাছে সরাসরি না এসে আপনি বিকল্পভাবে সেক্সুয়্যাল রেফারেল সেন্টার, নিউ প্যাথওয়েজ বা ইনিস সাফে (Ynys Saff) অথবা লিভ ফিয়ার ফ্রি (Live Fear Free)-এর মাধ্যমে রিপোর্ট করতে পারেন।

> **“সর্ব্ব অবস্থাতেই এটা আপনার পছন্দ। আপনি যদি সিদ্ধান্ত নেন যে আপনি পুলিশে রিপোর্ট করবেন না এর পর ও আপনি সারভাইভার অব সেক্সুয়্যাল ভায়োলেন্স থেকে সেবা গ্রহন করতে পারেন।”**

পুলিশের কোনরুপ সংশ্লিষ্টতা ছাড়াই, বিশেষজ্ঞ নার্স বা ডাক্তারের সহায়তায় SARC সেন্টারে আপনি ঠিকঠাক আছেন কি না এবং কোন প্রকার DNA আছে কি না তা পরীক্ষা করা এবং আপনার কেইসকে শক্তিশালী করার জন্য তা সংরক্ষন করা সম্ভব। আপনি যদি মনে করেন পরবর্তিতে কোন একদিন পুলিশে রিপোর্ট করবেন তবে আপনি এই সুযোগটি গ্রহন করতে পারেন।

# সাপোর্ট

সাউথ ওয়েলস-এর এই সকল সংঘটনের মাধ্যমে আপনি একটি অপরাধের রিপোর্ট করতে পারেন অথবা সাপোর্ট গ্রহন করতে পারেন :

## New Pathways নিউ প্যাথওয়েজ

মার্থার (Merthyr) এবং সোয়ানসি (Swansea)-তে অবস্থিত রেইপ ক্রাইসিস এন্ড সেক্সুয়্যাল সার্ভিস। আপনি যদি যৌন নির্যাতন বা ধর্ষনের মত ভয়ংকর অভিজ্ঞতার সম্মুখিন হোন, তারা আপনাকে বিচার করবেন না, তারা শুধু সাহায্য করবেন।

Phone 01685 379 310. Twitter: @newpathways_
Email: enquiries@newpathways.org.uk

---

## Ynys Saff ইনিস সাফ

কার্ডিফ সিটি সেন্টারে অবস্থিত, কার্ডিফ এবং ভেইল অব গ্ল্যামরগানের বাসিন্দাদের এবং অন্যান্য যারা ঐ ধরনের অভিজ্ঞতার মুখোমুখি হয়েছেন তাদেরকে সেবা প্রদান করে থাকেন।

Telephone: 02920 335795. Website:
www.cardiffandvaleuhb.wales.nhs.uk

---

## লিভ ফিয়ার ফ্রি Live Fear Free

নারী নির্যাতন, যৌন নির্যাতন , ডমেস্টিক এবিউজ ইত্যাদির বিরুদ্ধে আমরা সমস্ত ওয়েলস ব্যাপি সাহায্য ও পরামর্শ প্রদান করে থাকি।

Telephone: 0808 80 10 800. Website:
www.gov.wales/live-fear-free

---

## সাউথ ওয়েলস পুলিশ South Wales Police

কল করুন ৯৯৯ – জরুরি অবস্থায় সকল সময়

কল করুন ১০১ – আমাদের নন-ইমার্জেন্সি টেলিফোন নাম্বার ২৪/৭ স্টাফ থাকেন, কি ঘটছে তা বলার জন্য বা পরামর্শের জন্য কল করুন।

রিপোর্ট অনলাইন – প্রথম অবস্থায় টেলিফোনে কথা না বলে অনলাইনে রিপোর্ট করতে চাইলে আপনি নিরাপদে এবং গোপনে এখানে রিপোর্ট করতে পারেন : www.south-wales.police.uk/ro/report/ ocr/af/how-to-report-a-crime/

# গ্লসারি বা শব্দকোষ / পরিভাষাকোষ

আপনি যদি কোন যৌন নির্যাতন বা ধর্ষনের ঘটনা পুলিশের নিকট রিপোর্ট করার কথা চিন্তা করেন তবে আপনি যে সব শব্দ বা পদ (words and terms)-এর সম্মুখিন হইতে পারেন তার একটি তালিকা এই অংশে সংযুক্ত আছে। মনে রাখবেন যদি কোন বিষয় আপনি ঠিকমত বুঝতে সমর্থ না হোন অথবা আপনার কোন প্রশ্ন থাকে তবে অবশ্যই পুলিশকে বা আপনাকে সাহায্যকারিকে জানাইবেন। তাদের দায়িত্ব ক্রিমিনাল জাস্টিস প্রসেসটিকে আপনাকে ব্যাখ্যা করে বুঝানো।

## A

Achieving Best Evidence (ABE) এচিভিং বেস্ট এভিডেন্স (সেরা প্রমান অর্জন)

একটি ABE হল, নিয়ম মাফিক বা ফরমাল একটি স্টেইটমেন্ট, যা আপনি পুলিশকে পর্ব-২ এর তদন্ত কালীন পর্য্যায়ে দিতে পারেন। আপনাকে বলা হইতে পারে যতটুকু সম্ভব বিস্তারিতভাবে আপনার সাথে ঘটে যাওয়া ঘটনা গুলো মনে করে বলার জন্য এবং দরকার মত কিছু প্রশ্নের জবাব দেওয়ার জন্য। আপনার কনসেন্ট বা সম্মতি সহকারে আপনর স্টেইটমেন্টটি পুলিশ অফিসার কতৃক না লেখিয়া `ভিডিও রেকর্ড` করা হইবে। আপনার বিষয়টি পরে যদি কোর্টে যায়, তখন আপনাকে স্বশরিরে হাজির হইয়া স্বাক্ষ্য দেওয়ার বদলে হয়ত সেই ভিডিওটি কোর্টে চালানো হইতে পারে। অনেক ভিক্টিম (ভুক্তভোগি) এই ব্যাবস্থাটিকেই সহজ বলে মনে করেন।

Affirmation/oath এফারমেসন / অউথ (শপথ)

কোর্টে কোন এক ব্যাক্তি স্বাক্ষ্য প্রদানের আগে শপথের মাধ্যমে যে ঘোষনা বা প্রজ্ঞাপন দেন, যে তারা যা কিছু বলবেন সব সত্য বলবেন, তাই এফারমেসন / অউথ (শপথ)। এফারমেসন ধর্ম বিহীন। অউথ ধর্মীয় সংস্করন, যা ধর্মীয় বই নিয়া শপথ করে করতে হয়।

Age of consent এইজ অব কনসেন্ট (বয়সের সম্মতি)

এইজ অব কনসেন্ট হল একটি বয়স, যখন ধরে নেওয়া হয় কোন এক ব্যাক্তি যৌন কার্য্যের জন্য তার সম্মতি দেওয়ার জন্য আইনত উপযুক্ত / সক্ষম। এটা কোন যৌন কার্য্যের জন্য কোন ব্যাক্তির সর্বনিম্ন বয়স যা অপর ব্যাক্তি কতৃক যৌন কার্য্য করার জন্য আইনত অনুমোদিত। ইংল্যান্ড এবং ওয়েলস-এ এই অব কনসেন্ট হল ১৬ বছর বয়স।

Age of criminal responsibility এইজ অব ক্রিমিনাল রেসপনসিবিলিটি (অপরাধমূলক দায়িত্বের বয়স)

এটা হল কোন এক ব্যাক্তির সর্বনিম্ন বয়স যখন তাকে কোন অপরাধমূলক কোন কাজের জন্য গ্রেফতার এবং চার্জ করা সম্ভব। ইংল্যান্ড এবং ওয়েলস-এ এই বয়স হল ১০ বছর।

Anonymous (of a person) ছদ্ম নাম (কোন ব্যাক্তির)

ছদ্ম নামে থাকা

Anonymity

ছদ্ম নামে থাকার অবস্থা

## Assault by penetration এসল্ট বাই পেনেট্রেসন (কোন কিছু প্রবেশ করানোর মাধ্যমে এসল্ট)

এটা এমন এক ধরনের যৌন নির্যাতন, যখন ভিক্টিমের কোন রুপ পূর্ব অনুমতি ছাড়া কোন কুকর্মকারী তার ভিক্টিমের শরিরে কোন কিছু বা কোন বস্তু যেমন হাত বা আঙ্গুল ইত্যাদি প্রবেশ করায়।

# B

## Bail conditions বেইল কন্ডিসন ( জামিনের শর্ত)

কোন সন্দেহভাজন ব্যাক্তিকে যখন কোন আপরাধের সন্দেহে গ্রেফতার করা হয় এবং পরে যদি তার `জামিন মঞ্জুর' করা হয়, তবে সে হয়ত তার বাড়িতে অথবা অন্য কোন নির্দিষ্ট ঠিকানায় বিচারের তারিখের আগ পর্য্যন্ত থাকার অনুমতি পাইতে পারে। তাদেরকে একমাত্র তখনই ছাড়া হইবে যখন তারা প্রতিশ্রুতি দিবে যে তারা বিশেষ কিছু শর্ত, যেমন কোন বিশেষ ব্যাক্তির সাথে যোগাযোগ না করা অথবা নির্দিষ্ট সময়ে পুলিশ স্টেশনে রিপোর্ট করা ইত্যাদি, অবশ্যই মানিয়া চলিবেন। আরো দেখুন `রিলিজড আন্ডার ইনভেস্টিগেসন'।

## Barrister ব্যারিস্টার

একজন আইনজীবী যিনি মামলা কোর্টে উপস্থাপন করেন। মামলার বাদী ও বিবদী উভয় পক্ষেই একজন করে ব্যারিস্টার থাকেন। ক্রিমিনাল কেইসে, যেভাবে টিভিতে দেখা যায় সেরুপ একজন ব্যারিস্টার হয়ত বিশেষ গাউন এবং পরচুলা পরতে পারেন। আপনার কাছে যদি তা আতংকিত বা পীড়াদায়ক মনে হয় তবে `স্পেশাল মেজার'-এর অংশ হিসাবে আপনি তাদেরকে তা না পরার জন্য কোর্টকে বলতে পারেন।

# C

## Civil Orders সিভিল অর্ডার

বিভিন্ন ধরনের সিভিল অর্ডার আছে। এর মধ্যে কিছু আপনি নিজেই গ্রহন করিতে পারেন যেমন একটি নন মলেস্টেসন অর্ডার (উত্যক্ত, নিগ্রহ না করার অর্ডার) বা একটি রিস্ট্রেইনিং অর্ডার (নিয়ন্ত্রন, বিরত রাখার অর্ডার)। অন্যান্য সিভিল অর্ডার আছে যেগুলো পুলিশ জারি করতে পারে, যার উদ্দেশ্য হইতে পারে, কোন এক ব্যাক্তি যে হয়ত বার বার একই ধরনের খারাপ কাজ করার প্রবনতা দেখাইতেছে তার উপর একটি অর্ডার যেমন ক্রিমিনাল বিহেভিয়ার অর্ডার-এর বিশেষ শর্ত আরোপ করার মাধ্যমে তাকে অপরাধ করতে বাধার সৃষ্ঠি করা।

## Code of Practice for Victims কোড অব প্র্যাকটিস ফর ভিক্টিমস

একটি অফিসিয়াল দলিল যাতে বিস্তারিতভাবে বর্ণনা করা হইয়াছে একজন ভুক্তভোগির অধিকার এবং কোন একটি প্রতিষ্ঠান যেমন পুলিশ বা CPS-কে কোন একজন ভুক্তভোগির প্রতি যে মিনিমাম স্ট্যান্ডার্ড (সর্ববনিম্ন মান) বজায় রাখিতে হইবে তার বর্ণনা করা হইয়াছে। পড়ুন কোড অব প্র্যাকটিস ফর ভিক্টিমস ইন ইংল্যান্ড এন্ড ওয়েলস।

## Complainant কমপ্লেইনেন্ট ( বাদি, ফরিয়াদি)

যে ব্যাক্তি অন্য কোন ব্যাক্তির বিরুদ্ধে কোর্টে অভিযোগ / মামলা দায়ের করেন।

## Consent কনসেন্ট (সম্মতি)

এর অর্থ হল কিছু একটা হওয়ার জন্য আপনার সম্মতি প্রদান। এই সম্মতি প্রদান হইতে হইবে জেনে বুঝে এবং স্বেচ্ছায়। সম্মতি প্রদানের মানে হল পছন্দ করার স্বাধীনতা, একথা জানা যে সম্মতি প্রদান না করলে খারাপ কোন কিছু ঘটবে না। কোন এক ব্যাক্তির `সম্মতি প্রদানের সক্ষমতা` এর মানে হল সম্মতি প্রদান করলে এর সাথে আরো কি কি বিষয় জড়িত হইতে পারে এবং এর ফলাফল কি হইতে পারে তা উপলব্ধি করার সক্ষমতা এবং এই বিষয়টি অন্যের সাথে ভালোভাবে কমিউনিকেট করার সক্ষমতা।

## Court কোর্ট

বিচার কাজের জন্য নির্দিষ্ট দালান। এই সব দালানে সাধারনত অনেক কোর্ট রুম থাকতে পারে এবং তাই সেখানে একই দিন অনেক বিচার কাজ অনুষ্ঠিত হইতে পারে।

## Cross-examinationক্রস একজামিনেসন ( জেরা করা)

এই পর্য্যায়ে ব্যারিস্টার একটি ট্র্যায়াল বা বিচারে প্রশ্ন করতে পারেন, যেমন প্রসিকিউসন ব্যারিস্টার আসামি বা স্বাক্ষীদেরকে প্রশ্ন করতে পারেন তদ্রুপ ডিফেন্স ব্যারিস্টার ভিক্টিম বা স্বাক্ষীদেরকে প্রশ্ন করতে পারেন।

## Crown Prosecution Service (CPS)ক্রাউন প্রসিকিউসন সার্ভিস

অইনজীবীদের স্বতন্ত্র একটি দল যারা নির্ধারন করেন, পুলিশ যে মামলাটি তাদের কাছে দিয়াছেন তা কি কোর্টে উপস্থাপিত হইবে কি না। CPS এর পর মামলাটি প্রস্তুত করে কোর্টে পৌছাইয়া দেন।

# D

## Defendant ডিফেন্ডেন্ট ( আসামি)

কোন এক ব্যাক্তি যার বিরুদ্ধে কোন এক বিশেষ অপরাধের অভিযোগ আনা হইয়াছে এবং সে কোর্টে বিচারের সম্মুখিন।

## Discloseডিসক্লোজ (প্রকাশ করা)

প্রকাশ ( গোপনীয় অথবা নতুন তথ্য ) করা।

# E

## Evidence এভিডেন্স ( প্রমান)

এমন কোন কিছু যা কোর্টে কোন ঘটনাকে ব্যাখ্যা করতে বা প্রমান করতে সাহায্য করে।

## I

### Independent Sexual Violence Advisor (ISVA)ইন্ডেপেন্ডেন্ট সেক্সুয়্যাল ভায়োলেন্স এডভাইজার ( স্বতন্ত্র যৌন অপরাধ বিষয়ক পরামর্শ দাতা)

বিশেষজ্ঞ পরামর্শ দাতা যারা কোন ধর্ষন বা যৌন নির্যাতনের শিকার যে কাউকে, যিনি হয়ত পুলিশে রিপোর্ট করতে পারেন অথবা না ও করতে পারেন, স্বতন্ত্রভাবে সাহায্য, পরামর্শ এবং সহায়তা করে থাকেন।

### Initial statement ইনিশিয়্যাল স্টেইটমেন্ট ( প্রাথমিক এজাহার )

এটা হল কোন অপরাধের বিষয়ে কোন ভিক্টিম কতৃক পুলিশের কাছে করা প্রথম রিপোর্ট । এটা সংক্ষিপ্ত হইতে পারে, উদাহরন স্বরুপ অফিসারকে শুধু জানানো কি ঘটিয়াছে, কোথায় ঘটিয়াছে এবং সন্দেহভাজনের বিষয়ে যতটুকু জানা গেছে ইত্যাদি।

### Intermediaryইন্টারমিডিয়ারি ( মধ্যস্থ )

একজন ইন্টারমিডিয়ারি ঐ ব্যাক্তি যিনি ভালনারেবল ভিক্টিম এবং স্বাক্ষীদের ( যেমন কারো হয়তবা লার্ণিং ডিফিকাল্টি আছে অথবা মানসিক সমস্যা আছে অথবা কোন একজন হয়ত শিশু / কিশোর)-কে পুলিশ, ক্রাইম প্রসিকিউসন সার্ভিস কোর্টের সাথে কমিনিউকেসনে সাহায্য করেন। তারা রেজিস্ট্রিকৃত প্রফেসনাল যাদের বিশেষ দক্ষতা আছে কমিনিউকেসন স্কিল বা যোগাযোগ দক্ষতার ক্ষেত্রে, এবং তাদের ব্যাকগ্রাউন্ডে আছে সাইকোলজি, স্পিচ এন্ড ল্যংগুয়েজ থেরাপি, সোশ্যাল ওয়ার্ক অথবা মেন্টাল হেল্থ।

## J

### Judge জাজ ( বিচারক)

তিনি সেই ব্যাক্তি যিনি বিচার কার্য্য সঠিক ভাবে হওয়া নিশ্চিত করেন এবং সব কিছু আইন অনুযায়ি হইতেছে কি না তা খেয়াল রাখেন। একজন বিচারক, কোন একজন দোষী সাব্যস্থ্য হওয়া ব্যাক্তিকে বিধি মোতাবেক দন্ড দিতে পারেন।

### Jury জুরি

সাধারন জনগনের মধ্য থেকে বাছাই করা বারো জন ব্যাক্তি ( কোন বাছ বিচার ছাড়া নির্বাচিত) যারা কোর্টে সমগ্র বিচার / ট্র্যায়াল-এ উপস্থাপিত সকল এভিডেন্স সমূহ শুনেন। তারাই নির্ধারন করেন যে আসামী দোষী কি নির্দোষ।

## O

### Officer in Case (OIC) অফিসার ইন কেইস

একজন পুলিশ অফিসার যিনি তদন্ত প্রক্রিয়াকে মামলার পর্য্যায়ে নিয়া যান।

# P

## Penetration পেনেট্রেসন (অনুপ্রবেশ করানো)

যৌন নির্যাতন বা ধর্ষনের ক্ষেত্রে এর অর্থ হল, শরিরের কোন অঙ্গ অথবা কোন বস্তু যোনি পথে, মলদ্বারে অথবা মুখে প্রবেশ করানো।

## Perpetrator পারপেট্রেটর ( কুকর্মকারী)

কোন এক বা একাধিক ব্যাক্তি যারা অপরাধ মুলক কাজ করেছেন।

## Plea প্লি ( আত্মপক্ষ সমর্থনে জবাব )

কোন অভিযুক্ত ব্যাক্তির কোর্টে আনুষ্ঠানিক ভাবে আত্মপক্ষে দেওয়া জবাব, যা সাধারনত হয় দোষী অথবা নির্দোষ।

## Police investigation পুলিশ ইনভেস্টিগেসন ( পুলিশ তদন্ত )

একটি অপরাধ রিপোর্ট করার পর, আরম্ভ হওয়া পুলিশি তদন্ত প্রক্রিয়া, যার মধ্যে আছে এভিডেন্স সংগ্রহ করা এবং স্বাক্ষী ও সন্দেহভাজনের সাথে কথা বলা ইত্যাদি।

## Pre-trial preparation hearing প্রি ট্র্যায়াল প্রিপারেসন হেয়ারিং ( ট্র্যায়াল বা বিচার পূর্ব শুনানি)

একটি শুনানি যা কোর্টে অনুষ্টিত হয়, যখন কোন এক ব্যাক্তিকে কোন অপরাধের জন্য অভিযুক্ত করা হয়, তখন কোর্টে তাকে তার আত্মপক্ষ সমর্থন করার জন্য প্রত্যেকটি তালিকা ভুক্ত অভিযোগের বিপক্ষে দোষী বা নির্দোষ বলে জবাব দিতে হয় । এই শুনানিকালে উভয় পক্ষের ব্যারিস্টাররা মামলা বিচারের জন্য প্রস্তুত করার জন্য প্রশাসনিক অন্যান্য কাজ ও করে থাকেন । এই শুনানিতে ভিক্টিমের উপস্থিত হওয়ার প্রয়োজন নাই।

## Pre-trial visit প্রি-ট্র্যায়াল ভিজিট (বিচারের পূর্বে পরিদর্শন )

বিচারের আগে কোর্ট পরিদর্শনের একটি বিশেষ সুযোগ, কোর্টের সব কিছু ঘুরে দেখার এবং কোর্টের কাজ আপনাকে বুঝাইয়া দেওয়া হইবে।

## Prosecute প্রসিকিউট

কোর্টে কোন এক ব্যাক্তি বা কোন প্রতিষ্টানের বিরুদ্ধে মামলা পরিচালনা করা।

## Prosecution প্রসিকিউসন

একটি টীম যারা কোর্টে ভিক্টিমের পক্ষে মামলা এবং কাজ করেন কোন অভিযুক্ত আসামীর  বিরুদ্ধে মামলা করার বিষয়ে।

# R

## Rape রেইপ (ধর্ষন )

কোন এক ব্যাক্তি যদি অন্য কোন ব্যাক্তির অসম্মতিতে অথবা যে ব্যাক্তির সম্মতি দানের সক্ষমতা নাই এমন কারো মুখে, যোনি পথে বা পায়ু পথে তার পুরুষাংগ প্রবেশ করায় তবে তা ধর্ষন বলে গন্য হইবে। সম্মতি দানের সক্ষমতা নাই এমন ব্যাক্তির উদাহরন হল আন্ডার এইজ অব কনসেন্ট ( ১৬ বছরের নিছে) অথবা মাতাল অবস্থায় থাকা।

## Released Under Investigation (RUI) রিলিজড আন্ডার ইনভেস্টিগেসন

কোন ব্যাক্তিকে যদি কোন আপরাধের কারনে সন্দেহ করা হয়, তাকে পুনরায় পুলিশ স্টেশনে ফিরত আসার তারিখ নির্ধারন করে জামিন না দিয়ে হয়ত `রিলিজড আন্ডার ইনভেস্টিগেসন ` (তদন্ত সাপেক্ষে মুক্তি) দেওয়া হইতে পারে। এর মানে তাদেরকে কোনরুপ চার্জ ছাড়াই কাস্টডি/হাজত থেকে মুক্তি দেওয়া এবং যে অপরাধে তাকে প্রশ্ন করা হচ্ছে সে বিষয়ে তার পুলিশ স্টেশনে জামিনে হাজির হওয়ার কোন বাধ্য বাধকতা নাই।

## Remanded in custody রিমান্ডেট ইন কাস্টডি

যখন কোন ব্যাক্তিকে তখন পর্য্যন্ত কোন অপরাধের জন্য দোষী সাব্যস্থ করা হয় নাই তবে তাকে বিচার বা সাজা প্রদানের আগ পর্য্যন্ত জেলে বন্দি করে রাখা হয়েছে। তিনি যে সময়টুকু রিমান্ডে কাটাবেন সে সময়টুকু, যদি তিনি অপরাধী বলে সাব্যস্থ হন তবে বিচারপতি তার মূল সাজা থেকে কেটে বাদ দিয়া দিবেন।

## Restraining order রিস্ট্রেইনিং অর্ডার

এটি একটি কোর্ট অর্ডার যার দ্বারা কোন এক বিশেষ ব্যাক্তিকে বিশেষ কোন কাজ করা থেকে বিরত রাখা হয়, যেমন অন্য কোন বিশেষ কারো সাথে যোগাযোগ না করা অথবা তার কাছাকাছি না যাওয়ার কোর্ট অর্ডার।

# S

## Sentence (of a crime) সেন্টেন্স ( সাজা )

কোর্টে কোন বিচার সম্পন্ন করার পর কোন ব্যাক্তি / ব্যাক্তিবর্গ দোষী বলে সাব্যস্থ হলে তার সাজা।

## Sexual Assault Referral Centre (SARC) সেক্সুয়্যাল এসল্ট রেফারেল সেন্টার

এটা একটি মেডিকেল ফেসিলিটি, যেখানে কোন ধর্ষন বা যৌন নির্যাতনের ঘটনার স্বল্প সময়ের মধ্যে একজন ভিক্টিম কোন একজন বিশেষজ্ঞ নার্স বা ডাক্তারের দ্বারা পরীক্ষা করানোর জন্য সেখানে পৌছান। সাউথ ওয়েলসে আমরা তিনটি সেক্সুয়্যাল রেফারেল সেন্টার ব্যাবহার করে থাকি, দুইটি `নিউ প্যাথওয়েজ` যা সোয়ানসি ও মার্থারে অবস্থিত এবং তৃতীয়টি `ইনিস সাফ` কার্ডিফে অবস্থিত।

ভিক্টিমের সম্মতি সহকারে, পরীক্ষাকালে মেডিকেল ফরেনসিক এভিডেন্স ( ডিএনএ নমুনা) সংগ্রহ করা হইতে পারে যেমন ভেজাইনাল ( যোনি ) সোয়াব এবং মুখের কুলি।

SARC ভিক্টিমের মামলাকে সাপোর্ট করার জন্য এই ডিএনএ সংরক্ষন করবেন। এর মাধ্যমে ভিক্টিমের জন্য একটি সুযোগ সৃষ্টি হয়, যদি তিনি তখনই না করে পরবর্তি কোন সময় পুলিশে রিপোর্ট করার সিদ্ধান্ত নিয়ে থাকেন।

SARC ভিক্টিমকে মেডিকেল সাপোর্ট দিতে সক্ষম যার মধ্যে আছে জরুরিভাবে জন্ম নিরোধক ঔষধ, এবং একই সাথে তারা কাউন্সেলিং এবং এডভোকেসি ব্যাবস্থা করতে সক্ষম।

## Suspect সাসপেক্ট (সন্দেহভাজন)

কোন এক বা একাধিক ব্যাক্তি যাদের বিরুদ্ধে কোন অপরাধ করার অভিযোগ অথবা সন্দেহ করা হইতেছে এবং যাদের বিরুদ্ধে পুলিশ তদন্ত করিতেছে।

# T

## Trial ট্র্যায়াল ( বিচার)

একটি প্রক্রিয়া যেখানে উভয় পক্ষ জুরিদের সামনে তাদের বক্তব্য ও প্রমান তুলে ধরেন এবং তারাই নির্ধারন করেন কোন ব্যাক্তি দোষী না নির্দোষ।

# V

## Verdict ভারডিক্ট ( রায় )

কোন আসামির বিষয়ে জুরিদের চুড়ান্ত সিদ্ধান্ত যে সে / তারা দোষী অথবা নির্দোষ, তাকেই বলা হয় `ভারডিক্ট বা রায়`।

যখন জুরি বৃন্দ সিদ্ধান্ত গ্রহন করে থাকেন তখন তা বিচারপতিকে জানাইয়া থাকেন এবং বিচারপতি উপযুক্ত শাস্তির দন্ড ঘোষনা করেন।

## Victim ভিক্টিম (ভুক্তভোগি)

কোন এক ব্যাক্তি যিনি কোন এক অপরাধের শিকার। এই ব্যাক্তিকে কোর্টে অভিযোগকারী হিসাবে উল্লেখ করা হইতে পারে।

## Victim Personal Statement (VPS) ভিক্টিমস পার্সোন্যাল স্টেইটমেন্ট

কোন এক ব্যাক্তি অপরাধী হিসাবে সাব্যস্থ হওয়ার পর কোর্টে পড়িয়া বা বাজাইয়া শুনানো হইতে পারে। এটি একটি স্টেইটমেন্ট যাতে বিস্তারিত বলা হইয়াছে যে সেই অপরাধের কারনে ভিক্টিমের ব্যাক্তিগত জীবনে কি ধরনের প্রভাব পরিয়াছে। এটা ভিক্টিমের উপর নির্ভর করবে যে তিনি কি একটি VPS দিবেন এবং তা পড়ে / বাজাইয়া শুনানোতে রাজী আছেন কি না।

## Victims' Right to Review (VRR) ভিক্টিমস রাইট টু রিভিউ

একটি স্কিম যার দ্বারা একজন সেক্সুয়্যাল অফেন্সের ভিক্টিমের কেইসটি পুলিশ বা CPS কতৃক কোনরুপ চার্জ ব্যাতিরেকে বন্ধ করিয়া দেওয়ার সিদ্ধান্তকে ব্যাখ্যা করিয়া দেওয়ার ও রিভিউ করানোর অধিকার সৃষ্ঠি হয়। এ ব্যাপারে আরো পড়ুন ভিক্টিমস রাইট টু রিভিউ।

## Victim and Witness Care Officer (VWCO) ভিক্টিম এন্ড উইটনেস কেয়ার অফিসার

যখন কোন সন্দেহভাজনকে চার্জ করা হয় এবং বিচারের জন্য মামলাটি কোর্টে যায় তখন উইটনেস কেয়ার অফিসারদের কাছে কেইস বরাদ্দ করা হয়। VWCOরা ভিক্টিমকে এবং স্বাক্ষীদেরকে সবকিছু অবগত করানোর এবং কোর্টের শুনানির তারিখ ও ফলাফল সম্বন্ধে ওয়াকিবহাল রাখার দায়িত্ব পালন করেন।

# W

## Witness উইটনেস ( স্বাক্ষী )

কোন এক ব্যাক্তিকে কোর্টে স্বাক্ষ্য দেওয়ার জন্য বলা হয় যে কিনা সম্ভবত কোন ঘটনা চাক্ষুস করিয়াছিলেন অথবা শুনিয়াছিলেন।

## Witness liaison উইটনেস লিঁয়্যাজো

দেখুন উইটনেস কেয়ার অফিসার

## Witness Service উইটনেস সার্ভিস

কোর্ট ভিত্তিক একটি টীম যাদের দায়িত্ব প্রসিকিউসন স্বাক্ষি, তাদের পরিবার ও বন্ধু বান্ধবদের কোর্টে উপস্থিত হইয়া স্বাক্ষ্য প্রদানের মত অভিজ্ঞতাকে সাপোর্ট করা।

SOUTH WALES
POLICE
HEDDLU
DE CYMRU

2892-21 Designed and printed by **SWPPRiNT**